দৈনিক ইনকিলাব

তারিখ 14 MAR 2007
পৃষ্ঠা ২ কলাম ৩

# জামায়াত-শিবির ঘরানার তামিরুল মিল্লাত মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র বাতিল

## নতুন কেন্দ্র সরকারী আলীয়া মাদ্রাসা

ইনকিলাব রিপোর্ট

নকলমুক্ত শিক্ষা বাস্তবায়নে দেশের পরীক্ষার কেন্দ্রসমূহ থেকে নকল যখন বিদায় নিতে চলছে ঠিক তখন জামায়াত-শিবির ঘরানার মাদ্রাসা তামিরুল মিল্লাত মাদ্রাসা কেন্দ্রে চলছে নকলের মহোৎসব এবং পরীক্ষা পরিচালনার নামে চরম অব্যবস্থাপনা। আর এ অপরাধেই শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে মাদ্রাসা শিক্ষা বোর্ড জামায়াত-শিবিরের গর্ব এবং বেস্ট মাদ্রাসা নামে খ্যাত তামিরুল মিল্লাত মাদ্রাসার পরীক্ষা কেন্দ্র বাতিল করে দিয়েছে। আর এ ঘটনার মাধ্যমে 'আল্লাহর আইন চাই, সৎ লোকের শাসন চাই' শ্লোগানের কথিত ১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন

# তামিরুল মিল্লাত মাদ্রাসা

প্রথম পৃষ্ঠার পর

ধারক-বাহক জামায়াত-শিবিরের ধর্মীয় ছদ্মবেশী চরিত্রের উলঙ্গ বহিঃপ্রকাশ ঘটেছে। আল্লাহর আইন ও সৎ লোকের শাসনের কথিত শ্লোগান দিয়ে যিনি মুখে ফেনা তোলেন জামায়াতে ইসলামীর সেই প্রভাবশালী নেতা মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা যায়নুল আবেদীন পরিচালিত মাদ্রাসাটির প্রকৃত চরিত্রের বহিঃপ্রকাশ ঘটেছে এ পরীক্ষা কেন্দ্রটি বাতিলের ঘটনার মাধ্যমে।

জামায়াতে ইসলামীর ছাত্র সংগঠন ছাত্রশিবিরের কর্মী ও ক্যাডার তৈরীর কারখানা এবং জামায়াত-শিবিরের গর্ব তামিরুল মিল্লাত মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রটি বাতিল করে দেয়ায় আগামীকাল থেকে এ মাদ্রাসা কেন্দ্রের পরীক্ষার্থীরা পরীক্ষা দেবে ঢাকা সরকারী আলিয়া মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র থেকে। কেন্দ্র বাতিলের আনুষ্ঠানিকতা সম্পন্ন এবং নতুন কেন্দ্র নির্বাচনের পূর্বে গতকালের (মঙ্গলবার) বাংলা প্রথম পত্র পরীক্ষা বাতিল করা কেন্দ্রেই গ্রহণ করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রে গুরুতর অপরাধের কারণে মাওলানা যায়নুল আবেদীন ও তার মাদ্রাসার কোন শিক্ষক-শিক্ষিকাকে পরীক্ষা হলে কর্তব্য পালন করতে দেয়া হয়নি। গতকালের পরীক্ষা গ্রহণ করেছেন জেলা প্রশাসনের এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীরা। কিন্তু, দুঃখজনক হলেও সত্য, তামিরুল মিল্লাত মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র বাতিলের সংবাদ সংগ্রহের জন্য মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান ও কন্ট্রোলার থেকে ডেপুটি কন্ট্রোলার পর্যন্ত সকলের সাথে যোগাযোগ করে কোন তথ্য পাওয়া যায়নি বরং সকলের মাঝেই এ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ধামাচাপা দেয়ার চেষ্টার প্রমাণ পাওয়া গেছে। বহুবার যোগাযোগ করেও তাদের নিকট থেকে কোন সহায়তা পাওয়া যায়নি বরং বলেছেন, ট্যাকনিক্যাল ডিফিকাল্টিজ রয়েছে। আর এতে অনুমিত হয়েছে মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ জামায়াতী চক্রের রাহুগ্রাস থেকে বের হয়ে আসতে চাচ্ছেন না।

অথচ গত ১১ মার্চ ইংরেজী পরীক্ষার দিন শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব কারিগরি ও মাদ্রাসা আকস্মাৎ ডেমড়া থানাধীন তামিরুল মিল্লাত মাদ্রাসা পরিদর্শনে গিয়ে পরীক্ষা চলাকালীন সময়ে চরম অব্যবস্থাপনা এবং নকলের মহোৎসব প্রত্যক্ষ করেন। পরবর্তীতে তিনি মন্ত্রণালয়ে ফিরে এ বিষয়ে একটি রিপোর্ট তৈরী করেন এবং মাদ্রাসা বোর্ডকে তামিরুল মিল্লাত মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র বাতিল করতে মাদ্রাসা বোর্ডকে নির্দেশ দেন। উক্ত নির্দেশের ভিত্তিতেই মাদ্রাসা বোর্ড পরীক্ষা কেন্দ্রটি বাতিল করতে বাধ্য হয় বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। সূত্রে আরো জানা গেছে, তামিরুল মিল্লাত মাদ্রাসার প্রাক্তন ছাত্ররা একটি সংগঠন তৈরী করে মাওলানা যায়নুল আবেদীনের কুকর্মের বিরুদ্ধে নীরব প্রচারণা করে যাচ্ছে।